

## ভিসা প্রত্যাশীদের সতর্কবার্তা দিলো ঢাকাস্থ মার্কিন দূতাবাস

- A Monitor Desk Report

Date: 30 July, 2025



ঢাকাঃ যুক্তরাষ্ট্রের ভিসার মেয়াদ শেষ হওয়ার পরও দেশটিতে অবস্থান করলে আজীবন নিষেধাজ্ঞার পাশাপাশি ফৌজদারি মামলা হতে পারে বলে সতর্ক করেছে ঢাকার মার্কিন দূতাবাস।

মঙ্গলবার (২৯ জুলাই) ঢাকায় যুক্তরাষ্ট্র দূতাবাসের ভেরিফায়েড ফেসবুক পেজে এক পোস্টে এ বার্তা দেওয়া হয়।

পোস্টে বলা হয়, আপনি যদি যুক্তরাষ্ট্রের ভিসার মেয়াদ শেষ হওয়ার পরও সেখানে অবস্থান করেন, তাহলে ভবিষ্যতে যুক্তরাষ্ট্রে ভ্রমণের ওপর স্থায়ী নিষেধাজ্ঞার মুখোমুখি হতে পারেন। কনস্যুলার অফিসারদের কাছে আপনার অভিবাসনের পূর্ণ ইতিহাস থাকে, এবং আগের যে কোনো ধরনের নিয়ম লঙ্ঘনের তথ্য তারা জানতে পারেন। ‘ভুলবশত’ এমন কিছু করার সুযোগ নেই। আপনার দায়িত্ব হলো ভিসার শর্ত যথাযথভাবে মেনে চলা।

এর আগে, ১০ জুলাই এক পোস্টে দূতাবাস জানিয়েছিল, ভিসা আবেদনকারীদের ডিএস-১৬০ ভিসা আবেদন ফরমে গত ৫ বছরে ব্যবহৃত সব সামাজিক যোগাযোগমাধ্যমের ব্যবহারকারী নাম বা হ্যান্ডল উল্লেখ করা বাধ্যতামূলক।

পোস্টে আরও বলা হয়েছিল, আবেদনকারীরা যেন তাদের আবেদনপত্রে দেওয়া সব তথ্য সঠিক ও সত্য বলে স্বীকার করে তবেই তা স্বাক্ষর করেন ও জমা দেন। সামাজিক যোগাযোগ মাধ্যমের তথ্য গোপন করলে ভিসা প্রত্যাখ্যানের পাশাপাশি ভবিষ্যতে ভিসা পাওয়ার অযোগ্যতা তৈরি হতে পারে।

-B